

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৯১০০.০০০.১৪.১১৫.১৫. ৭৪০

ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ  
তারিখঃ ০২ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ সিলেট জেলা পরিষদের স্মারক নং-৪৬.৬০.৯১০০.০০১.০১.০২৮.১৫.১৩৮৯, তারিখঃ ২২/০২/২০১৬।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩,৩৭,৫০,০০০/- (তিন কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ১৮৩ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৩) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৪) জেলা পরিষদ কার্যালয়ের সকল পূর্ত কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পিপিআর ২০০৮-এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে দরপত্র আহবান করে বাস্তবায়ন করতে হবে; কোন অবস্থাতেই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে করা যাবে না;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সিলেট।

  
(মোঃ জাহিদ হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট (অনুমোদিত প্রকল্পগুলো সরজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, সিলেট।
- ✓ ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।